# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৯১

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাহাজ্জুদ সালাত শুরু করার সময় তাঁর প্রভুর কাছে মতভেদপূর্ণ বিষয়ে হকের দিশা দেওয়ার জন্য প্রার্থনা করতেন

## ذِكْرُ سُؤَالِ الْمُصْطَفَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَبَّهُ جَلَّ وَعَلَا الْهِدَايَةَ لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ عِنْدَ افْتِتَاحِهِ صَلَاةَ اللَّيْلِ

আরবী

2591 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ بْنِ خُزَيْمَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عُمَرُ بْنُ يُونُسَ قَالَ: حَدَّثَنَا عِكْرِمَةُ بْنُ عَمَّارٍ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَبِي كَثِيرٍ قَالَ: حَدَّثَنِي أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ أُمَّ الْمُؤْمِنِينَ: بِأَيِّ شَيْءٍ كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَتِحُ صَلَاتَهُ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ؟ قَالَتْ: كَانَ إِذَا قَامَ مِنَ اللَّيْلِ افْتَتَحَ صَلَاتَهُ: (اللَّهُمَّ رَبَّ جِبْرِيلَ وَمِيكَائِيلَ وَإِسْرَافِيلَ فَاطِرَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ اهْدِنِي لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ فَإِنَّكَ تَهْدِي من تشاء إلى صراط مستقيم)
الراوي : أَبُو سَلَمَةَ بْنُ عَبْدِ الرَّحْمَنِ بْنِ عَوْفٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2591 | خلاصة حكم المحدث: حسن ـ ((صحيح أبي داود)) (742 و 343): م.

বাংলা

২৫৯১. আবূ সালামা বিন আব্দুর রহমান বিন আওফ থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি মুমিনদের জননী আয়িশা রাদ্বিয়াল্লাহু আনহাকে জিজ্ঞেস করলাম, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন রাতে তাহাজ্জুদ সালাত শুরু করতেন, তখন তিনি প্রথমে কী করতেন?” জবাবে তিনি বলেন, “যখন তিনি রাতে উঠতেন, তখন তিনি শুরু করতেন এই বলে,

اللَّهُمَّ رَبَّ جِبْرِيلَ وَمِيكَائِيلَ وَإِسْرَافِيلَ فَاطِرَ السَّمَاوَاتِ وَالْأَرْضِ عَالِمَ الْغَيْبِ وَالشَّهَادَةِ أَنْتَ تَحْكُمُ بَيْنَ عِبَادِكَ فِيمَا كَانُوا فِيهِ يَخْتَلِفُونَ اهْدِنِي لِمَا اخْتُلِفَ فِيهِ مِنَ الْحَقِّ فَإِنَّكَ تَهْدِي من تشاء إلى صراط مستقيم

(হে আল্লাহ, জিবরীল, মীকাঈল ও ইসরাফীলের প্রভু, আসমানসমূহ ও জমিনের স্রষ্টা, দৃশ্য ও অদৃশ্যের জ্ঞাতা, আপনি আপনার বান্দাদের মাঝে ফায়সালা করেন, যে বিষয়ে তারা মতভেদ করতো। আপনি আমাকে মতভেদপূর্ণ বিষয়ে হকের দিশা দিন। কেননা নিশ্চয়ই আপনি যাকে ইচ্ছা সরল-সঠিক পথে পরিচালিত করেন)।”[1]

## ফুটনোট

[1] সহীহ ইবনু খুযাইমাহ: ১১৫৩; সহীহ মুসলিম: ৭৭০; আবূ দাঊদ: ৭৬৭; তিরমিযী: ৩৪২০; নাসাঈ: ৩/২১২-২১৩; ইবনু মাজাহ: ১৩৫৭; মুসনাদ আহমাদ: ৬/১৫৬; আবূ আওয়ানা: ২/৩০৪-৩০৫; বাগাবী: ৯৫২।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে হাসান বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে হাসান বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ৭৪২)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সালামাহ্ ইবনু আবদুর রাহমান (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91921

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন